

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৫৩: ইবাদত কবৃল হওয়ার শর্ত কয়টি ও কি কি?

ইবাদত কবূল হওয়ার শর্ত দু'টিঃ

১. ইবাদত একমাত্র আল্লাহ্র সম্ভৃষ্টির জন্য হওয়া। মহান আল্লাহ বলেন,

﴿ وَمَا ٓ أُمِرُوٓا إِلَّا لِيَعَابُدُوا ٱللَّهَ مُخالِصِينَ لَهُ ٱلدِّينَ حُنَفَآءَ ﴾ [البينة: ٥]

"তাদেরকে কেবলমাত্র এই নির্দেশ করা হয়েছে যে, তারা খাঁটি বিশ্বাসের সাথে এবং একনিষ্ঠভাবে আল্লাহ্র ইবাদত করবে" (বাইয়্যেনাহ ৫)।

২. ইবাদত রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম প্রদর্শিত পদ্ধতিতে হওয়া। মহান আল্লাহ বলেন,

﴿ قُل ا إِن كُنتُم ا تُحِبُّونَ ٱللَّهَ فَٱتَّبِعُونِي يُحالِبِ اكُمُ ٱللَّهُ ﴾ [ال عمران: ٣١]

"বলুন, যদি তোমরা আল্লাহকে ভালবাস, তাহলে আমাকে অনুসরণ কর, তাহলে আল্লাহও তোমাদেরকে ভালবাসবেন" (আলে ইমরান ৩১)। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«مَنْ عَمِلَ عَمَلًا لَيْسَ عَلَيْهِ أَمْرُنَا فَهُوَ رَدٌّ»

"যে ব্যক্তি আমাদের নির্দেশের বাইরে কোনো আমল করলো, তার সেই আমল প্রত্যাখ্যাত" (মুসলিম)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1538

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন